# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ........................................ তারিখঃ ..........................

প্রেরক : **চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : সভাপতি, এডহক কমিটি
বাঘইল স্কুল এন্ড কলেজ
ডাক-পাকশী, উপজেলা-ঈশ্বরদী, জেলা-পাবনা

**বিষয় : ১০/০৪/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০/০৪/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ৩১/১২/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৮ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৯(খ)(৫) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

**প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০**
**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর [illegible] তারিখঃ [illegible]

<u>অনুলিপি (অবগতি ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ঃ</u>

১। রেজিষ্ট্রার, মহামান্য হাইকোর্ট, ঢাকা
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। জেলা প্রশাসক, পাবনা
৪। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা
৫। অধ্যক্ষ, বাঘইল স্কুল এন্ড কলেজ
ডাক-পাকশী, উপজেলা-ঈশ্বরদী, জেলা-পাবনা
৬। মোঃ আরিফ, গ্রাম-বাঘইল, ডাক-পাকশী
উপজেলা-ঈশ্বরদী, জেলা-পাবনা

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ॥ নিষ্পত্তি (Dispose) সভার কার্যবিবরণী ॥

### শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঃ বাঘইল স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী, পাবনা।

অদ্য ১০/০৪/২০২২ খ্রী: তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী'র সভাকক্ষে নিষ্পত্তি (Dispose) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান ও নিষ্পত্তি কমিটির আহ্বায়ক প্রফেসর মো: হাবিবুর রহমান। সভায় নিষ্পত্তি কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন:

| | | | |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | আইন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | এ্যাডভোকেট মোঃ ইয়াহিয়া, জজ কোর্ট, রাজশাহী ও আইন উপদেষ্টা, অত্র বোর্ড। | সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | এ্যাডভোকেট মোহাঃ এজাজুল হক মানু, সহকারী সরকারী কৌশুলী, জজ কোর্ট, রাজশাহী ও আইন উপদেষ্টা, অত্র বোর্ড। | সদস্য | স্বাক্ষরিত |
| ৮. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য কমিটির সদস্য সচিব বিদ্যালয় পরিদর্শক মহোদয়কে অনুরোধ জানান। সদস্য সচিব বিদ্যালয় পরিদর্শক মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রতিষ্ঠানটির নথিপত্র পর্যালোচনা এবং আবেদনকারী জনাব মো: আরিফ এর বর্ণনা অনুসারে, অত্র দপ্তরের স্মারক নং-০২/কল/পাব/১২২৩/৪৩২, তারিখ-১১/০৬/২০২০ খ্রিঃ মোতাবেক অনুমোদিত বাঘইল স্কুল এন্ড কলেজ, ঈশ্বরদী, পাবনা'র গভর্নিং বডি/২০১৯ প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধি-৩৮ মোতাবেক গঠিত হয়নি। অভিযোগকারীর মতে লংঘিত বিষয়সমূহ যথাক্রমে (১) উক্ত প্রতিষ্ঠানে কোন প্রকার নির্বাচন অনুষ্ঠিত হয়নি। (২) অভিভাবক সদস্যদের কোন সন্তান উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থী নয়। (৩) শিক্ষার পরিবেশ নিম্নমুখী, আর্থিক অনিয়ম এবং বিভিন্ন পাবলিক পরীক্ষার ফলাফল অসন্তোষজনক। এদিকে, উল্লেখিত অনিয়ম সমূহের প্রতিকার চেয়ে জনাব মো: আরিফ প্রয়োজনীয় ফি সহ গত ১৩/০২/২০২০ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে আবেদন করলে বোর্ড কর্তৃপক্ষ বিষয়টি তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার-ঈশ্বরদী বরাবর পরপর দুই বার পত্র প্রেরণ করে।

কিন্তু অদ্যবধি কোন তদন্ত প্রতিবেদন অত্র দপ্তরে পৌছেনি। পরবর্তীতে বিষয়টি তদন্তের জন্য জেলা শিক্ষা অফিসার-পাবনা কে দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু সেখান থেকেও কোন প্রতিউত্তর পাওয়া যায়নি। এমতাবস্থায়, আবেদনকারী সংক্ষুদ্ধ হয়ে মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং-১৩৭৯/২০২১ দায়ের করেন। তদপ্রেক্ষিতে মাননীয় আদালত আবেদনকারীর গত ২৫/০৮/২০২১ খ্রিঃ তারিখের আবেদনটি নিস্পত্তি করার জন্য অত্র বোর্ডের মাননীয় চেয়ারম্যান এবং কলেজ পরিদর্শক মহোদয়কে নির্দেশনা প্রদান করেন। উল্লেখ্য, বর্ণিত কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়ে গেছে। মাননীয় আদালতের নির্দেশ মোতাবেক অত্র কমিটির সদস্য সচিব মহোদয় সভাপতি সাহেবের সাথে পরামর্শক্রমে গত ৩০/০৩/২০২২ ইং তারিখ সভার দিন নির্ধারণ করেন এবং উভয় পক্ষের নিকট পত্রের মাধ্যমে অদ্যকার সভার দিন, ক্ষণ এবং স্থান উল্লেখ করতঃ পত্র প্রেরণ করেন। নোটিশ প্রাপ্তির পর অধ্যক্ষ সাহেব সভায় উপস্থিত হলেও দরখাস্তকারী জনাব মোঃ আরিফ সভায় উপস্থিত না হওয়ায় এবং উপস্থিত হতে না পারার বিষয়ে কোন তথ্য সভাকে অবহিত না করায় ন্যায় বিচারের স্বার্থে সভাপতি মহোদয় সভা মুলতবী ঘোষণা করেন এবং উক্ত সভাতেই অদ্যকার তারিখে পরবর্তী সভা অনুষ্ঠানের দিন ধার্য্য করেন এবং পুনরায় পক্ষদ্বয়কে পত্র দেবার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। সেই মোতাবেক তাদেরকে পুনরায় পত্র দেয়া হয়। কিন্তু দ্বিতীয় বারও মোঃ আরিফ বিনা পদক্ষেপে সভায় হাজির না হওয়ায় সভাপতি মহোদয় অধ্যক্ষ সাহেবকে জনাব মোঃ আরিফ কর্তৃক উত্থাপিত অভিযোগসমূহ খন্ডন করবার নির্দেশ দেন। অতপরঃ অধ্যক্ষ প্রত্যেকটি অভিযোগ খন্ডন করেন এবং তার বক্তব্যের সমর্থনে লিখিত কাগজ-পত্র উপস্থাপন করেন। অধ্যক্ষ সাহেবের বক্তব্য এবং বক্তব্যের সমর্থনে দাখিলকৃত কাগজ-পত্র পর্যালোচনা করে অত্র সভার সকল সদস্য নিশ্চিত হন যে, জনাব মোঃ আরিফ, বাঘইল স্কুল এন্ড কলেজের গভর্নিং বডি গঠনের ক্ষেত্রে বিধি লংঘনের যে অভিযোগ সমূহ উত্থাপন করেছেন তা পুরোপুরি অসত্য। উক্ত কারণে অত্র সভার সকল সদস্যগণ সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

সিদ্ধান্ত ঃ অভিযোগকারী জনাব মোঃ আরিফকে সভা অনুষ্ঠানের বিষয়ে বারংবার অবহিত করার পরেও তিনি বিনা তদ্বীরে সভায় অনুপস্থিত থাকায় এবং অধ্যক্ষ সাহেব জনাব মোঃ আরিফ কর্তৃক আনীত অভিযোগ সমূহ দালিলিক প্রমান উপস্থাপনের মাধ্যমে খন্ডন করতে সক্ষম হওয়ায় জনাব মোঃ আরিফ কর্তৃক দাখিলকৃত আবেদনটি (যা উক্ত রীট মামলায় Annexure-I হিসাবে চিহ্নিত হয়েছে) সর্বসম্মতভাবে না মঞ্জুর করা হ'ল।

| | |
|---|---|
| (মহাঃ জিয়াউল হক) | (প্রফেসর মোঃ হাবিবুর রহমান) |
| সদস্য সচিব | সভাপতি |
| নিষ্পত্তি (Dispose) কমিটি | নিষ্পত্তি (Dispose) কমিটি |
| ও | ও |
| বিদ্যালয় পরিদর্শক | চেয়ারম্যান |
| মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড |
| রাজশাহী | রাজশাহী |

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ..........................................                                    তারিখঃ ............................

প্রেরক : **চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : সভাপতি, গভর্নিং বডি
উপশহর মহিলা কলেজ, রাজশাহী
ডাক-সেনানিবাস, থানা-বোয়ালিয়া, জেলা-রাজশাহী

**বিষয় : ১৭/১১/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৭/১১/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ৩১/১২/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৮ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৯(খ)(৬) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

**প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০**
**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

স্মারক নম্বর ......[illegible]/ ডিসপোজ/৬৮                                    তারিখঃ ২৬/২/২৩

<u>অনুলিপি (অবগতি ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ঃ</u>

১। রেজিষ্ট্রার, মহামান্য হাইকোর্ট, ঢাকা
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। জেলা প্রশাসক, রাজশাহী
৪। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), উপশহর মহিলা কলেজ, রাজশাহী
ডাক-সেনানিবাস, থানা-বোয়ালিয়া, জেলা-রাজশাহী
৫। নাসরিন সুলতানা, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)
উপশহর মহিলা কলেজ, রাজশাহী
ডাক-সেনানিবাস, থানা-বোয়ালিয়া, জেলা-রাজশাহী
৬। শাফিয়াজ আখতার বানু, প্রভাষক (রাষ্ট্রবিজ্ঞান)
উপশহর মহিলা কলেজ, রাজশাহী
ডাক-সেনানিবাস, থানা-বোয়ালিয়া, জেলা-রাজশাহী

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

## ॥ নিষ্পত্তি (Dispose) সভার কার্যবিবরণী ॥

**শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ উপশহর মহিলা কলেজ, রাজশাহী।**

গত ১৭/১১/২০২২ খ্রীঃ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী'র সভাকক্ষে নিষ্পত্তি (Dispose) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান ও নিষ্পত্তি কমিটির আহ্বায়ক প্রফেসর মোঃ হাবিবুর রহমান। সভায় নিষ্পত্তি কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেনঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সভাপতি | স্বাক্ষরিত |
| ২. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৩. | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৪. | আইন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য | স্বাক্ষরিত |
| ৫. | এ্যাডভোকেট মোঃ ইয়াহিয়া, জজ কোর্ট, রাজশাহী ও আইন উপদেষ্টা, অত্র বোর্ড। | সদস্য | স্বাক্ষরিত |
| ৬. | এ্যাডভোকেট মোহাঃ এজাজুল হক মানু, সহকারী সরকারী কৌশুলী জজ কোর্ট, রাজশাহী ও আইন উপদেষ্টা, অত্র বোর্ড। | সদস্য | স্বাক্ষরিত |
| ৭. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য সচিব | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য কমিটির সদস্য সচিব বিদ্যালয় পরিদর্শক মহোদয়কে অনুরোধ জানান। অত্র কমিটির সদস্য সচিব বিদ্যালয় পরিদর্শক মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রতিষ্ঠানটির নথিপত্র পর্যালোচনা এবং আবেদনকারী জনাব নাসরিন সুলতানা'র বর্ণনা অনুসারে, জনাব নাসরিন সুলতানা উপশহর মহিলা কলেজ, রাজশাহী'র রাষ্ট্রবিজ্ঞান বিভাগে গত ০৮/০৪/২০০০ খ্রিঃ তারিখে একজন প্রভাষক হিসেবে যোগদান করেন। পরবর্তীতে কলেজ কর্তৃপক্ষ জনাব শাফিয়াজ আখতার বানু নামে আরো একজন কে রাষ্ট্রবিজ্ঞানের প্রভাষক হিসেবে নিয়োগ দান করেন। তিনি গত ০৯/০৪/২০০০ খ্রিঃ তারিখে বর্ণিত কলেজে যোগদান করেন। স্বভাবতই জনাব নাসরিন সুলতানা প্রতিষ্ঠানটির রাষ্ট্রবিজ্ঞান বিভাগের জ্যেষ্ঠ শিক্ষক। কিন্তু এমপিও হওয়ার পূর্বে হঠাৎ তিনি জানতে পারেন যে, কলেজ কর্তৃপক্ষ অসৎ উপায় অবলম্বন করে প্রতিষ্ঠানটির রাষ্ট্রবিজ্ঞান বিভাগের ২য় শিক্ষক জনাব শাফিয়াজ আখতার বানু কে ১ম শিক্ষক দেখানোর জন্য আরো দুটি নিয়োগ পত্র ইস্যু করেছেন, যেখানে শাফিয়াজ আখতার বানু'র স্বহস্তে লিখিত ২য় নিয়োগ পত্রের মাধ্যমে যোগদানের তারিখ ০৮/০৪/২০০০ খ্রিঃ এবং ৩য় নিয়োগ পত্রের মাধ্যমে যোগদানের তারিখ-০৫/১২/১৯৯৯ খ্রিঃ দেখানো হয়েছে। বর্ণিত অবস্থায় শাফিয়াজ আখতার বানু কে রাষ্ট্রবিজ্ঞানের ১ম প্রভাষক করার জন্য কলেজ কমিটি অসৎ উপায় অবলম্বন করেছেন।

এমতাবস্থায়, আবেদনকারী সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্টে রীট পিটিশন নং-১০৪৫৯/২০২২ দায়ের করেন। তদপ্রেক্ষিতে মাননীয় আদালত আবেদনকারীর গত ০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখের আবেদনটি নিষ্পত্তি করার জন্য অত্র বোর্ডের মাননীয় চেয়ারম্যান কে নির্দেশনা প্রদান করেছেন। এদিকে প্রতিষ্ঠানটির অধ্যক্ষের বর্ণানা মতে, বাদী নাসরিন সুলতানা বিগত প্রায় ১২(বার) বছর যাবত প্রতিষ্ঠানে অনুপস্থিত আছেন।

সিদ্ধান্ত ঃ অত্র বোর্ডে রক্ষিত সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নথিতে প্রতিষ্ঠানটির একাডেমিক স্বীকৃতি প্রদান সংক্রান্ত পরিদর্শন প্রতিবেদনে ১৪ জন প্রভাষকের নাম উল্লেখ থাকলেও ১৩ জন প্রভাষকের নিয়োগ ও যোগদান পত্র রয়েছে। নথিতে রক্ষিত ১৩ জন প্রভাষকের মধ্যে আপিলকারী জনাব নাসরিন সুলতানা'র নিয়োগ ও যোগদান পত্র রয়েছে। যোগদান পত্র অনুযায়ী তার যোগদানের তারিখ-০৮/০৪/২০২০ ইং। রীট মামলার ৮ নং বিবাদী জনাব শাফিয়াজ আখতার বানু'র যোগদান পত্র রক্ষিত নথিতে নেই। উল্লেখ্য, উচ্চ মাধ্যমিক কলেজের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী বিষয় ভিত্তিক একজন শিক্ষক নিয়োগ পায়। এমতাবস্থায়, বিষয়টি মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বাংলাদেশ, ঢাকা-কে অবহিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হ'ল।

9/12/22

(মহাঃ জিয়াউল হক)
সদস্য সচিব
নিষ্পত্তি (**Dispose**) কমিটি
ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

09.12.22

(প্রফেসর মোঃ হাবিবুর রহমান)
সভাপতি
নিষ্পত্তি (**Dispose**) কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ..........................................  তারিখঃ ............................

প্রেরক : **চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার-সুজানগর, পাবনা
ডাক ও উপজেলা-সুজানগর, জেলা-পাবনা

**বিষয় : ১১/১০/২০২১ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিষ্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১১/১০/২০২১ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিষ্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ৩১/১২/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৮ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৯(খ)(৩) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

**প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০**
**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর ০৯/কলেজ/নিষ্পত্তি/পোস্ট/৭০  তারিখঃ ১৬/১২/২৩

**অনুলিপি (অবগতি ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ঃ**

১। রেজিষ্ট্রার, মহামান্য হাইকোর্ট, ঢাকা
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। জেলা প্রশাসক, পাবনা
৪। অধ্যক্ষ, চিনাখড়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
ডাক-চিনাখড়া, উপজেলা-সুজানগর, জেলা-পাবনা

চেয়ারম্যান ১৬/১২/২৩
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

১৬/১২/২৩

e:cs-dispose_025

৫

# Dispose (নিস্পত্তি) সভার কার্যবিবরণী।

শিক্ষা প্রতিষ্ঠানের নাম ঃ চিনাখড়া উচ্চ বিদ্যালয় ও কলেজ
সুজানগর, পাবনা।

অদ্য ১১/১০/২০২১ ইং বিকাল ৩.৩০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহীর চেয়ারম্যান মহোদয়ের অফিসকক্ষে অত্র বোর্ডের Dispose (নিস্পত্তি) কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান ও নিস্পত্তি কমিটির সভাপতি প্রফেসর ড. মোহাঃ মোকবুল হোসেন। সভায় নিস্পত্তি কমিটির নিম্নোক্ত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১। | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। | সভাপতি |
| ২। | কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। | সদস্য |
| ৩। | এডভোকেট মোঃ ইয়াহিয়া, জজ কোর্ট, রাজশাহী। | সদস্য |
| ৪। | এডভোকেট মোঃ এজাজুল হক মানু, জজ কোর্ট, রাজশাহী। | সদস্য |
| ৫। | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। | সদস্য |
| ৬। | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। | সদস্য |
| ৭। | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। | সদস্য সচিব |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করার জন্য কমিটির সদস্য সচিব বিদ্যালয় পরিদর্শক মহোদয়কে অনুরোধ জানান।

বিদ্যালয় পরিদর্শক মহোদয় সভাকে অবহিত করেন যে, ৩৩৩৪/২১ নং রীটের আবেদনকারী মোঃ সাইফুল ইসলাম সাবেক গভর্ণিং বডির কতিপয় সদস্য কর্তৃক অবৈধ নিয়োগ বানিজ্যের মাধ্যমে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রভাষক পদে ০১ জন, প্রদর্শক (জীব বিজ্ঞান) পদে ০১ জন শিক্ষক নিয়োগের বিরুদ্ধে অভিযোগ ফি সহ গত ১৭/০৬/২০২০ ইং তারিখে আবেদন করেছিলেন। উক্ত অভিযোগের বিষয়ে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী কর্তৃক বিষয়টি সরেজমিনে তদন্তের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা-কে গত ২০/০৭/২০২০ ইং তারিখে দায়িত্ব অর্পন করা হয়। তৎপ্রেক্ষিতে U.N.O সুজানগর, পাবনা কর্তৃক মোঃ সাইফুল

ইসলাম প্রদত্ত অভিযোগ তদন্ত প্রতিবেদন প্রেরণ করিয়াছেন। তদন্তে অভিযোগ প্রমাণিত হইয়াছে এবং এই অনিয়ম ও দূর্নীতির সাথে কলেজের সভাপতি মোঃ সিরাজুল ইসলাম শাহজাহান সহ উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সহকারী শিক্ষক মোঃ মোজাম্মেল হক জড়িত মর্মে উল্লেখ করা হয়েছে। উক্ত সরেজমিন তদন্তের আলোকে উভয়কে শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক গত ০৯/০২/২০২১ ইং তারিখে কারণ দর্শানো হইলেও এখন পর্যন্ত তাহারা জবাব প্রদান করেন নি।

অভিযোগকারী মোঃ সাইফুল ইসলাম উক্ত অভিযোগ বিষয়ে পদক্ষেপ গ্রহণে বিলম্ব দেখিয়া পুনরায় গত ২০/০১/২০২১ ইং তারিখে আবেদন করিয়া প্রতিকার প্রার্থনায় মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে ৩৩৩৪/২১ নং রীট দাখিল করেন। রীট আবেদনকারী মোঃ সাইফুল ইসলাম কর্তৃক দায়েরকৃত রীটটিতে মহামান্য হাইকোর্ট বিভাগ গত ০৪/০৪/২০২১ ইং তারিখে একটি যৌক্তিক সময়ের মধ্যে রীট আবেদনকারীর দরখাস্তখানি আইনানুগ নিষ্পত্তির নির্দেশনা প্রদান করেন।

অদ্যকার নিষ্পত্তি সভায় রীট আবেদনকারী মোঃ সাইফুল ইসলাম সহ চিনাখড়া হাই স্কুল এ্যান্ড কলেজ এর সভাপতি ও অধ্যক্ষ উপস্থিত রহিয়াছেন।

নিষ্পত্তি কমিটির সদস্য সচিব মহোদয় আরো জানান, অদ্যকার সভার আলোচ্য সূচী হচ্ছে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ৩৩৩৪/২১ নং রীটের নির্দেশনা অনুযায়ী রীট আবেদনকারী কর্তৃক চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী বরাবরে প্রদত্ত গত ২০/০১/২০২১ ইং তারিখের অভিযোগ দরখাস্ত নিষ্পত্তি করা। যাহা অত্র নথির ২৩০ নং ক্রমিকে সংযুক্ত রহিয়াছে।

রীট আবেদনকারী/অভিযোগকারী মোঃ সাইফুল ইসলাম তাহার অভিযোগ দরখাস্তের সমর্থনে সভায় তাহার পক্ষে বক্তব্য উপস্থাপন করেন। মোঃ সাইফুল ইসলাম সভাকে অবহিত করেন যে, সুনির্দিষ্ট অভিযোগ দিয়া প্রথমে ১৭/০৬/২০২০ ইং তারিখে তৎপর ২০/০১/২০২১ ইং তারিখে অভিযোগ দরখাস্ত দায়ের করা হইয়াছে। অভিযোগ বিষয়ে অনেক সংবাদ প্রকাশিত হইয়াছে। সংবাদ পত্রের কপি বোর্ডে দাখিল করা

7/6/22

হইয়াছে। উক্ত ১৭/০৬/২০২০ ইং তারিখে দাখিলকৃত অভিযোগ স্থানীয় U.N.O, সুজানগর, পাবনার মাধ্যমে তদন্ত অনুষ্ঠিত হইয়াছে। একজন পদস্থ সরকারী কর্মকর্তার মাধ্যমে তদন্তে অভিযোগ প্রমাণিত হইয়াছে। উক্ত তদন্ত প্রতিবেদন বোর্ডের নথিতে সংরক্ষিত আছে। তদন্তে অভিযোগ প্রমানিত হওয়ায় অনিয়ম ও দূর্নীতির বিরুদ্ধে প্রতিকার সহ শিক্ষা প্রতিষ্ঠানটির বৃহত্তর স্বার্থে গুণগত মানের শিক্ষক/কর্মচারীর নিয়োগের প্রয়োজনীয় আইনানুগ প্রতিকার প্রার্থনা করেন।

সভায় উপস্থিত চিনাখড়া হাই স্কুল এন্ড কলেজ এর সভাপতি ও অধ্যক্ষ উপস্থিত আছেন। রীট আবেদনকারী ও অভিযোগকারীর উক্তরূপ বক্তব্যের জবাবে তাহারা সভাকে অবহিত করেন মোঃ সাইফুল ইসলাম কর্তৃক আনীত অভিযোগ আদৌ সঠিক নহে। সকল বিধি বিধান অনুসরণ করিয়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ১ জন প্রভাষক এবং জীব বিজ্ঞান বিষয়েঢ ০১ জন প্রদর্শক নিয়োগ প্রদান করা হইয়াছে। কোন অনিয়ম ও দূর্নীতি বা নিয়োগ বাণিজ্য হয়নি। উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা কর্তৃক প্রদত্ত গত ৩০/০৯/২০২০ ইং তারিখের তদন্ত প্রতিবেদন আদৌ সঠিক নহে। অভিযোগকারীর অভিযোগ দরখাস্ত না-মঞ্জুর করা হউক।

নিষ্পত্তি কমিটির পর্যবেক্ষণ ঃ

রীট আবেদনকারী মোঃ সাইফুল ইসলাম প্রদত্ত গত ১৭/০৬/২০২০ ইং তারিখের অভিযোগ দরখাস্ত, উক্ত অভিযোগ দরখাস্তের আলোকে নং-০২/কল/পাব/১২১৮/৪৭১ তারিখ- ২০/০৭/২০২০ সূত্র উল্লেখ কারিয়া গত ৩০/০৯/২০২০ ইং তারিখে উপজেলা নির্বাহী অফিসার, সুজানগর, পাবনা কর্তৃক প্রদত্ত তদন্ত প্রবিবেদন অনুযায়ী দেখা যায় সুজানগর উপজেলাধীন চিনাখড়া স্কুল এ্যান্ড কলেজে ০১ জন প্রভাষক (আই.সি.টি), ০১ জন প্রদর্শক (জীববিজ্ঞান) নিয়োগে অনিয়ম হইয়াছে। যাহা তদন্তে প্রমাণিত হইয়াছে।

সিদ্ধান্ত ঃ

উভয় পক্ষের বক্তব্য রীট আবেদনকারীর গত ১৭/০৬/২০২০ ইং তারিখের অভিযোগ দরখাস্ত (পৃঃ-১৬১) ও U.N.O, সুজানগর, পাবনা কর্তৃক তদন্ত প্রতিবেদন (পৃঃ- ২১০) হইতে প্রমাণিত যে, চিনাখড়া হাই স্কুল এ্যান্ড কলেজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ০১ জন প্রভাষক এবং জীব বিজ্ঞান বিষয়ে ০১ জন প্রদর্শক নিয়োগে অনিয়ম হইয়াছে। তাহাদের নিয়োগ বৈধ নহে। এ কারণে তাহাদের নামে ইনডেক্স বা তাহাদের M.P.O, যাহাতে না হয় তজ্জন্য শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, জেলা প্রশাসন, পাবনা, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর রাজশাহী সহ জেলা শিক্ষা অফিসার, পাবনাকে অবহিত করিতে হইবে। উক্ত অনিয়মের অন্যতম সহযোগী প্রতিষ্ঠানটিতে কর্মরত সিনিয়ন সহকারী শিক্ষক (তৎকালীন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক) জনাব মোঃ মোজাম্মেল হক এর বিরুদ্ধে উক্ত অনিয়ম/দূর্নীতির সহযোগী হিসাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবার জন্য গভর্ণিং বডিকে জানাইতে হইবে এবং জনাব মোঃ সিরাজুল ইসলাম শাহজাহানকে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি হিসাবে বারিত করিবার সিদ্ধান্ত গৃহীত হইল।

এই সিদ্ধান্তের মাধ্যমে ৩৩৩৪/২০২১ নং রীটে প্রদত্ত গত ০৪/০৪/২০২১ ইং তারিখের নির্দেশনার নিস্পত্তি করা হইল।

নিস্পত্তি কমিটির গৃহীত এই সিদ্ধান্ত কলেজ শাখা সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে।

| | |
|---|---|
| 9/6/22 | 09/06/22 |
| (মহাঃ জিয়াউল হক) | (প্রফসর মোঃ হাবিবুর রহমান) |
| সদস্য সচিব | সভাপতি |
| Dispose (নিস্পত্তি) কমিটি | Dispose (নিস্পত্তি) কমিটি |
| ও | ও |
| বিদ্যালয় পরিদর্শক | চেয়ারম্যান |
| মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড |
| রাজশাহী। | রাজশাহী। |

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ..........................................  তারিখঃ ..........................

প্রেরক : **চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : উপজেলা নির্বাহী অফিসার-গুরুদাসপুর, নাটোর
ডাক ও উপজেলা-গুরুদাসপুর, জেলা-নাটোর

**বিষয় : ০৮/০৩/২০২১ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৮/০৩/২০২১ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ৩১/১২/২০২২ খ্রীঃ তারিখে অনুষ্ঠিত ২৪৮ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৯(খ)(২) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

**প্রফেসর মোঃ হাবিবুর রহমান-৪৫৬০**
**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর ..........................................  তারিখঃ ..........................

**অনুলিপি (অবগতি ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ঃ**

১। রেজিষ্ট্রার, মহামান্য হাইকোর্ট, ঢাকা
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। জেলা প্রশাসক, নাটোর
৪। অধ্যক্ষ, কাছিকাটা স্কুল এন্ড কলেজ
ডাক-কাছিকাটা, উপজেলা-গুরুদাসপুর, জেলা-নাটোর
৫। মোঃ তারিখ-উল-ইসলাম, অধ্যক্ষ (দাবিদার)
কাছিকাটা স্কুল এন্ড কলেজ
ডাক-কাছিকাটা, উপজেলা-গুরুদাসপুর, জেলা-নাটোর

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

# Dispose (নিষ্পত্তি) সভার কার্যবিবরণী

শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ কাছিকাটা স্কুল এ্যান্ড কলেজ,গুরুদাসপুর,নাটোর।

অদ্য ০৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ ৩.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর সভা কক্ষে Dispose **(নিষ্পত্তি)** কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান জনাব প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন। উক্ত সভায় Dispose **(নিষ্পত্তি)** কমিটির নিম্ন বর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ২. | এ্যাডভোকেট, মোঃ ইয়াহিয়া,<br>এ্যাডভোকেট,জজ কোর্ট, রাজশাহী | সদস্য |
| ৩. | এ্যাডভোকেট, মোঃ এজাজুল হক মানু,<br>সহকারী সরকারী কৌশুলী, জজ কোর্ট, রাজশাহী | সদস্য |
| ৪. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৫. | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৬. | আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৭. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য সচিব |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব মহোদয়কে সভার কাজ শুরু করার জন্য আহবান জানান।

অতঃপর সদস্য সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে অত্র বোর্ডের অধিভুক্ত **"কাছিকাটা স্কুল এন্ড কলেজের"** অধ্যক্ষ (দাবিদার) জনাব মোঃ তারিখ-উল-ইসলাম এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে গত ২৪/০৪/২০১৭ খ্রিঃ তারিখে অত্র বোর্ডে আবেদন করলে (তার দাবি মতে) বোর্ড কর্তৃপক্ষ বিষয়টি অগ্রাহ্য করায় তিনি মহামান্য হাইকোর্টে ১৫১৭/২০১৮ নং রীট পিটিশন দায়ের করেন। অতঃপর মাননীয় আদালত ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি নিষ্পত্তি করার জন্য অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান এবং কলেজ পরিদর্শক মহোদয়কে নির্দেশনা প্রদান করেন। এদিকে, কলেজ কর্তৃপক্ষ জনাব মোঃ তারিখ-উল-ইসলাম কে অধ্যক্ষ পদ হতে অব্যহতি দিলে তিনি মহামান্য হাইকোর্টে ৫৭৩৫/২০০৮ নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত তার পক্ষে রায় দিলে ডিজি -মাউশি মহোদয় উক্ত

সিদ্ধান্তের বিরুদ্ধে মহামান্য সুপ্রিম কোর্টের আপীল বিভাগে সিভিল আপীল নং- ২৫/২০১১ দায়ের করেন এবং শুনানী অন্তে আপীল মঞ্জুর হয়। উক্ত আদেশের বিরুদ্ধে তিনি সিভিল রিভিউ পিটিশন নং- ৪৫১/২০১৮ দায়ের করেন। বিষয়টি গত ০৮/০৮/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত Dispose **(নিষ্পত্তি)** সভায় উথাপিত হলে উক্ত রিভিউ পিটিশন নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তার আবেদনের বিষয়ে কোন প্রকার সিদ্ধান্ত গ্রহণ করা সমীচিন নয় মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। বর্তমানে উক্ত রিভিউ মামলার রায় পাওয়া গেছে। উল্লেখ্য, আবেদনকারীর গত ২৪/০৪/২০১৭ খ্রিঃ তারিখের আবেদনটি সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত নাই এবং আবেদনটি তিনি সঠিক সময়ে অত্র দপ্তরে জমা দিয়েছিলেন এমন কোন প্রমাণও নাই। ৪৫১/২০১৮ নম্বর রিভিউ পিটিশন নামঞ্জুর হওয়ায় জনাব মোঃ তারিখ উল ইসলাম কর্তৃক দাখিলকৃত গত ২৪/০৪/২০১৭ খ্রীঃ তারিখে দাখিলকৃত আবেদন পত্র বিষয়ে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হল।

**সিদ্ধান্ত ঃ** মাননীয় আপীল বিভাগ যেহেতু তারিখ উল ইসলাম কর্তৃক দাখিলকৃত ৪৫১/২০১৮ নম্বর রিভিউ পিটিশনটি নামঞ্জুর করেছেন এবং যেহেতু ডি.জি মাউশি কর্তৃক দাখিলকৃত ২৫/২০১১ নম্বর আপীল মঞ্জুর হয়েছে সেহেতু মাননীয় হাইকোর্ট প্রদত্ত ৫৭৩৫/২০০৮ নম্বর রীট পিটিশনের রায় রদ রহিত তথা বাতিল হয়েছে কারণে ডি.জি মাউশি কর্তৃক প্রদত্ত তারিখ উল ইসলামের Stop payment সংক্রান্ত আদেশ আইনানুগ হওয়ায় জনাব মোঃ তারিখ উল ইসলাম কর্তৃক দাখিলকৃত গত ২৪/০৪/২০১৭ খ্রীঃ তারিখের দরখাস্ত যা মাননীয় হাইকোর্ট ১৫১৭/২০১৮ নম্বর রীট পিটিশন মামলায় নিষ্পত্তির জন্য নির্দেশনা দিয়েছেন উক্ত আবেদন পত্রে প্রার্থীত আবেদন সর্বসম্মতিক্রমে নামঞ্জুর করা হল।

27/09/2022

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
সদস্য সচিব,
Dispose (নিষ্পত্তি) কমিটি
ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী

26.9.22

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
সভাপতি,
Dispose (নিষ্পত্তি) কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর ..........................................                                                  তারিখঃ ...........................

প্রেরক : **চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

প্রাপক : সভাপতি, এডহক কমিটি
রাজবাড়ী কলেজ
ডাক-হাটরাজবাড়ী, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ

বিষয় : **০৮/০৩/২০২১ খ্রী: তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ০৮/০৩/২০২১ খ্রী: তারিখে অনুষ্ঠিত নিস্পত্তি (Dispose) কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তের কার্যবিবরণী (যাহা ৩১/১২/২০২২ খ্রী: তারিখে অনুষ্ঠিত ২৪৮ তম বোর্ড সভার আলোচ্যসূচি-১৯(খ)(১) মোতাবেক অনুমোদিত) পরবর্তী ব্যবস্থা গ্রহনের জন্য এতদসহ প্রেরণ করা হলো।

**প্রফেসর মো: হাবিবুর রহমান-৪৫৬০**
**চেয়ারম্যান**
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

স্মারক নম্বর ..০২১ কম/ নিষ্পত্তি/৫৫.....                                                  তারিখ: ..১৬/০২/২৩..

**অনুলিপি (অবগতি ও কার্যার্থে) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ঃ**

১। রেজিষ্ট্রার, মহামান্য হাইকোর্ট, ঢাকা
২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
৪। উপজেলা নির্বাহী অফিসার, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ
৫। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), রাজবাড়ী কলেজ
ডাক-হাটরাজবাড়ী, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ
৬। মো: মিজানুর রহমান, অধ্যক্ষ (বরখাস্তকৃত)
রাজবাড়ী কলেজ
ডাক-হাটরাজবাড়ী, উপজেলা-নাচোল, জেলা-চাঁপাইনবাবগঞ্জ

**চেয়ারম্যান** ১৬/২/২৩
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী

e:cs-dispose_025

১৬/২/২৩

# Dispose (নিষ্পত্তি) সভার কার্যবিবরণী

## শিক্ষা প্রতিষ্ঠানের নামঃ রাজবাড়ী কলেজ, নাচোল, চাঁপাইনবাবগঞ্জ।

অদ্য ০৮/০৩/২০২১ খ্রিঃ তারিখ ৩.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর সভা কক্ষে Dispose (**নিষ্পত্তি**) কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র বোর্ডের সম্মানিত চেয়ারম্যান জনাব প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন। উক্ত সভায় Dispose (**নিষ্পত্তি**) কমিটির নিম্ন বর্ণিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১. | কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ২. | এ্যাডভোকেট, মোঃ ইয়াহিয়া,<br>এ্যাডভোকেট,জজ কোর্ট, রাজশাহী | সদস্য |
| ৩. | এ্যাডভোকেট, মোঃ এজাজুল হক মানু,<br>সহকারী সরকারী কৌশুলী, জজ কোর্ট, রাজশাহী | সদস্য |
| ৪. | উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৫. | উপ-বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৬. | আইন কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য |
| ৭. | বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী | সদস্য সচিব |

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সদস্য সচিব মহোদয়কে সভার কাজ শুরু করার জন্য আহবান জানান।

অত:পর সদস্য সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, অত্র বোর্ডের অধিভুক্ত নাচোল কলেজের নথিপত্র পর্যালোচনা এবং মোঃ সাদিকুল ইসলাম, অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর বর্ণনা মতে, ৮২৯৯/২০২০ নম্বর রীট মামলার দরখাস্তকারী উক্ত কলেজের সাময়িক ভাবে বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ মিজানুর রহমানের স্বেচ্ছাচারিতা, বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি এবং মাননীয় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী এর বিরুদ্ধে পত্র-পত্রিকায় মিথ্যা এবং বানোয়াট তথ্য প্রকাশ করার অপরাধে গত ১৭/১০/২০১৯ খ্রিঃ তারিখে তাকে কৈফিয়ত তলব করা হয়। উক্ত কৈফিয়ত তলব পত্রের কোন জবাব না পাওয়ায় গত ০৩/১১/২০১৯ খ্রিঃ তারিখে অধ্যক্ষ পদ হতে তাকে সাময়িকভাবে

বরখাস্ত করা হয়। পরবর্তীতে গত ১৭/১১/২০১৯ খ্রিঃ তারিখে জনৈক অভিভাবক মোঃ শহিদুল ইসলাম অভিযুক্তের বিরুদ্ধে অধ্যক্ষ পদে তার নিয়োগের বৈধতা এবং অর্থ আত্মসাৎ বিষয়ে বর্তমান সভাপতির নিকট অভিযোগ দায়ের করেন। তদপ্রেক্ষিতে গত ২৪/১১/২০১৯ খ্রিঃ তারিখে অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) কে পুনরায় কৈফিয়ত তলব করা হয় এবং বিষয়টি তদন্তের জন্য ০৭/১২/২০১৯ খ্রিঃ তারিখে ০৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠন করা হয়। কিন্তু আবারও তিনি কৈফিয়তের কোন জবাব দেন নাই। গঠিত তদন্ত কমিটি গত ২৬/১২/২০১৯ খ্রিঃ তারিখে সভাপতি বরাবর একটি প্রতিবেদন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, মোঃ মিজানুর রহমান,অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) গত ১৭/১১/১৯৯৩ খ্রিঃ তারিখে নাচোল উপজেলার খড়িবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রথম চাকুরীতে যোগদান করেন। পরবর্তীতে বদলী হয়ে গত ১০/০৫/২০০০ খ্রিঃ তারিখ পর্যন্ত তিনি ভাতসা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে একজন শিক্ষক হিসেবে কর্মরত ছিলেন এবং সরকারী বেতন-ভাতা সহ সকল সুবিধা ভোগ করেন। আবার গত ৩১/০৩/১৯৯৯ খ্রিঃ তারিখে তিনি রাজবাড়ী কলেজে নিয়োগ প্রাপ্ত হন এবং যোগদান করেন। উক্ত কলেজটি গত ০১/০৪/২০০০ খ্রিঃ তারিখে এমপিও ভুক্ত হলে অভিযুক্ত অধ্যক্ষ এপ্রিল/২০০০ খ্রিঃ তারিখ হতে বরাবর সরকারী বেতন-ভাতা উত্তোলন করতেন। অর্থাৎ তিনি একই সময়ে দুটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেতন ভাতা'র সরকারী অংশ উত্তোলন করেছেন যা দন্ডনীয় অপরাধ। তদন্ত প্রতিবেদনের আলোকে অধ্যক্ষ (সাময়িক বরখাস্তকৃত) কে পুনরায় কৈফিয়ত তলব করা হলে তিনি সেটিরও জবাব না দেয়ায় গত ১১/০১/২০২০ খ্রিঃ তারিখে উক্ত তদন্ত প্রতিবেদনের আলোকে জনাব মোঃ মিজানুর রহমানকে অধ্যক্ষ পদ হতে স্থায়ীভাবে বরখাস্ত পূর্বক বরখাস্তের প্রস্তাবনা অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র অত্র দপ্তরে প্রেরণ করা হয়। এদিকে অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত বর্তমান গভর্নিং বডি বানোয়াট এবং জালিয়াতীপূর্ণ বলে অভিযুক্ত করে অধ্যক্ষ চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল উপজেলার বিজ্ঞ সহকারী জজ আদালতে ১১২/১৯ নম্বর (অঃ প্রঃ) মামলা দায়ের করেছেন, যা বর্তমান চলমান আছে। অপরপক্ষে প্রাপ্ত কাগজপত্র দৃষ্টে প্রতীয়মান হয় যে, অভিযুক্ত মোঃ মিজানুর রহমন গত ১০/০৫/২০০০ খ্রিঃ তারিখে ভাতসা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকের পদ থেকে ইস্তফা দেন এবং এপ্রিল/২০০০ মাসের গৃহিত অতিরিক্ত বেতনের টাকা সরকারী চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে জমা দেন। এদিকে অবৈধ অর্থ গ্রহণের অভিযোগে জেলা

প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন (যার স্মারক নং- শিক্ষা/৩-৭৬/২০০৩-৫৬৩(৩), তারিখ- ০৩/০৮/২০০৩ খ্রিঃ) মোতাবেক শিক্ষা মন্ত্রণালয় ২৯/০২/২০০৪ খ্রিঃ তারিখ থেকে তার বেতন ভাতার সরকারী অংশ স্থগিত করেন। পরবর্তীতে ডিজি, মাউশি মহোদয়ের স্মারক নং- ওএম/১৪১(ক-৩)/০৩/৪৬৮৫, তারিখ-১৬/০৩/২০১০ খ্রিঃ মোতাবেক প্রেরিত সুপারিশ পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় ১৬/০৫/২০১০ খ্রিঃ তারিখ হতে তার স্থগিতকৃত বেতন-ভাতার সরকারী অংশ ছাড়করণের সিদ্ধান্ত জারি করেন। এমতাবস্থায় বরখাস্তকৃত অধ্যক্ষ মোঃ মিজানুর রহমান মহামান্য হাইকোর্টে ৮২৯৯/২০২০ নং রীট পিটিশন দায়ের করলে মাননীয় আদালত আবেদনকারীর গত ১৪/১০/২০২০ খ্রিঃ তারিখের আবেদনটি এক মাসের মধ্যে নিষ্পত্তি করার জন্য অত্র বোর্ডের কলেজ পরিদর্শক মহোদয়কে নির্দেশনা দিয়েছেন। উল্লেখ্য বোর্ডের ১৩/২০২০তম আপীল এন্ড আরবিট্রেশন সভায় বিষয়টি উত্থাপিত হয়েছিল। উক্ত সভায় গৃহিত সিদ্ধান্তের রেজুলেশন আগামী বোর্ড সভায় অনুমোদনের জন্য অপেক্ষমান আছে।

সদস্য সচিব মহোদয় সভাকে আরো অবহিত করেন যে, অত্র সভার দিন,ক্ষণ এবং স্থান উল্লেখ করতঃ প্রাপ্তী স্বীকার পত্র সহ রেজিষ্ট্রার্ড ডাকে রীটকারী সহ সংশ্লিষ্ট পক্ষগণকে পত্র প্রেরণ করা হয় এবং তারা বোর্ডে স্বশরীরে উপস্থিত হয়ে হাজিরা দাখিল করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব মহোদয় পক্ষগণকে সভাস্থলে হাজির হবার জন্য আহবান জানালে রীটকারী সহ অপর পক্ষ সভায় হাজির হন। অত:পর সভাপতি মহোদয় রীটকারীকে তার বক্তব্য পেশ করবার জন্য আহবান জানালে তিনি মাননীয় হাইকোর্টে দায়েরকৃত ৮২৯৯/২০২০ নম্বর রীট মামলায় Annexure হিসাবে সংযুক্ত দরখাস্তের সমর্থনে বক্তব্য পেশ করেন তবে তিনি একথা স্বীকার করেন যে, কলেজের গভর্নিং বডি তাকে একাধিক অভিযোগে অভিযুক্ত করে বরখাস্ত করে এবং বরখাস্তের প্রস্তাবনা বোর্ড কর্তৃক অনুমোদনের লক্ষ্যে অত্র বোর্ডের আপীল এ্যান্ড আরবিট্রেশন সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখায় জমা দেন। আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটি উক্ত প্রস্তাবনা যাচাই বাছাই কালে তাকে স্বশরীরে হাজির হবার জন্য আহবান করেছিলেন এবং তিনি উক্ত কমিটির সামনে হাজির হয়ে তার বক্তব্য পেশ করেছেন। সভার সদস্যগণের জিজ্ঞাসায় তিনি অকপটে স্বীকার করেন যে, উক্ত বিষয়গুলি তিনি রীট পিটিশনে উল্লেখ

করেননি। তার বক্তব্য শ্রবণ করতঃ উক্ত দরখাস্তের নিষ্পত্তি বিষয়ে সর্ব সম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হল।

**সিদ্ধান্ত ঃ** যেহেতু জনাব মোঃ মিজানুর রহমান সাহেবের বরখাস্তের প্রস্তাবনা অত্র বোর্ডের আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক পরীক্ষান্তে বোর্ড সভায় প্রেরিত হয়েছে এবং যেহেতু এখনও বোর্ড সভা অনুষ্ঠিত হয়নি সেহেতু তার বরখাস্ত বিষয়ে বোর্ড সভা সিদ্ধান্ত প্রদান পর্যন্ত তার দরখাস্তে বর্ণিত প্রার্থনা বিষয়ে সিদ্ধান্ত প্রদান স্থগিত রাখার সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হল।

২৭/০৭/২০২২

(প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়)
সদস্য সচিব,
Dispose (নিষ্পত্তি) কমিটি
ও
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী

২৬.৭.২২

(প্রফেসর ড. মোহা. মোকবুল হোসেন)
সভাপতি,
Dispose (নিষ্পত্তি) কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
রাজশাহী

Rizaul-2- School Inspector-Diapose-34